



প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট
(www.bteb.gov.bd) ভিজিট করুন এবং
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website : www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.১৯.০৭

তারিখঃ ০৩-০১-২০১৯ খ্রিঃ

উত্তরপত্র পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই-আগস্ট'২০১৮ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি শিক্ষাক্রমের পরীক্ষার ফলাফল ০৩-০১-২০১৯ তারিখে প্রকাশিত হয়েছে যা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) পাওয়া যাবে। যে সকল পরীক্ষার্থী উক্ত ফলাফলে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক তাদেরকে আগামী ১৩-০১-২০১৯ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর সাদা কাগজে আবেদন করে ফলাফলের কপি, প্রবেশপত্রের কপি এবং নির্ধারিত ফি-সহ নিজ নিজ প্রতিষ্ঠানে জমা দিতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরীক্ষার্থীদের আবেদন ও নির্ধারিত ফি গ্রহণের পর অনলাইনে আবেদনের তথ্য এন্ট্রি করতে হবে।

অনলাইনে আবেদনের তথ্য এন্ট্রির ধাপঃ

www.bteb.gov.bd এর হোম পেইজে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/স্থগিত ফলাফল → প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ এন্ট্রি করতে হবে।

নিম্নের ছকে উল্লিখিত সময়সূচি মোতাবেক এ সংক্রামক কর্মসূচী সম্পন্ন করতে হবেঃ

ক্রমিক নং	কার্যক্রমের বিবরণ	সম্পন্ন করার সময়সীমা	মন্তব্য
১.	অনলাইনে তথ্য এন্ট্রি করা	০৬ হতে ১৩ জানুয়ারী ২০১৯ পর্যন্ত	
২.	প্রতিষ্ঠান কর্তৃক ডিডি করার শেষ তারিখ	১৩ জানুয়ারী ২০১৯	
৩.	এন্ট্রিকৃত পরীক্ষার্থীদের তালিকা প্রিন্ট করা	১৩ জানুয়ারী ২০১৯ তারিখের পরেক্ষা	
৪.	প্রিন্ট-আউট কপিসহ ডিডি বোর্ডে জমার তারিখ	১৫ হতে ১৭ জানুয়ারী ২০১৯ পর্যন্ত	

পুনঃনিরীক্ষণ ফি বাবদ (বিষয় প্রতি ৩০০ টাকা হারে) আদায়কৃত অর্থ ব্যাংক ড্রাফট/ডিডির (সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে) মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলন যোগ্য হতে হবে অনলাইনে এন্ট্রিকৃত তালিকার প্রিন্ট-আউট কপি এবং প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরযুক্ত ফরোয়ার্ডিংসহ নিম্নের ছক অনুসারে তালিকা প্রস্তুত করে উল্লিখিত তারিখের মধ্যে উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। এ সংক্রান্ত ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বহন করতে হবে। উল্লেখ্য, উত্তরপত্র পুনঃনিরীক্ষণ সংক্রান্ত কাজে ছাত্র-ছাত্রীকে বোর্ডে প্রেরণ না করার জন্য অনুরোধ করা হলো। অনলাইনে এন্ট্রি ব্যতীত পুনঃনিরীক্ষণের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

অনলাইনে আবেদনকৃত পরীক্ষার্থীদের তথ্যের ছকঃ


ক্রমিক নং	পরীক্ষার্থীর নাম	রোল নম্বর	রেজিস্ট্রেশন নম্বর ও সেশন	পুনঃ নিরীক্ষণের বিষয় কোড	টাকার পরিমাণ (প্রতি বিষয় ৩০০/- টাকা হারে)	ডিডি নম্বর, তারিখ ও শাখার নাম	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

বিঃদ্রঃ- অনলাইনে আবেদন করার সময় সোনালী ব্যাংকের ডিডি নম্বর, তারিখ ও শাখার নাম এন্ট্রি করতে হবে।

স্বাক্ষরিত/-
(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. উপদেষ্টা, স্বাস্থ্য, প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম সেল, বাকাশিবো, ঢাকা।
৪. অধ্যক্ষ/পরিচালক (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান)।
৫. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক -গোপনীয়/সনদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিষ্ট, বাকাশিবো (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশসহ অনলাইনে আবেদন সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৮. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. নথি।



(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

ফোনঃ ০২-৯১১৮৭৭৬